

আইআইইউসি'র পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভিসি প্রফেসর আজহারুল ইসলাম
বিতর্কচর্চা জ্ঞান অন্বেষণে সমস্যার যৌক্তিক
সমাধানে পৌঁছাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেছেন, বিতর্কচর্চা জ্ঞান অন্বেষণে এবং কোন সমস্যার যৌক্তিক সমাধানে পৌঁছাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিতর্ক মানুষকে পরিশীলিত করে।

আজ রোববার সকালে আইআইইউসি'র স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন (স্ট্যাড) আয়োজিত আন্তঃবিভাগীয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম এ অভিমত ব্যক্ত করেন। ফার্মেসি বিভাগের সহকারী অধ্যাপক এবং আন্তঃবিভাগীয় বিতর্ক প্রতিযোগিতা কমিটির আহ্বায়ক মোঃ মোমিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আয়োজনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রতিযোগিতার বিচারক প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রভাষক সাইফুদ্দিন মুন্না এবং জাতীয় বিতর্কিক ও বিশিষ্ট চিকিৎসক ডাঃ মাসুদ রানা। স্বাগত বক্তব্য রাখেন, স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন (স্ট্যাড) এর পরিচালক আ.জ.ম. ওবায়দুল্লাহ। অনুষ্ঠান সম্বলনা করেন স্ট্যাড এর অতিরিক্ত পরিচালক কবি ও গীতিকার চৌধুরী গোলাম মাওলা।



ছবি : অনুষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি আইআইইউসি ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম

প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, বিতর্কের ক্ষেত্রে আক্রমণ জ্ঞানীর লক্ষণ নয়। আক্রমণাত্মক মনোভাব একটি সুন্দর ও গ্রহণযোগ্য সিদ্ধান্তে আসার পথকে রুদ্ধ করে দেয়। এই নেতিবাচক দৃষ্টিভঙ্গী প্রজ্ঞা ও শিক্ষার প্রতিফলন ঘটায় না। ভাল বিতর্কিক ও বক্তা হওয়ার জন্য সাহস অর্জনের উপর গুরুত্বারোপ করে তিনি আরও বলেন, জ্ঞান ও সাহসের সমন্বয়ে যে কোন চ্যালেঞ্জকে মোকাবেলা করা যায়।

অনুষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন, রানার আপ ও শ্রেষ্ঠ বক্তার মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি আইআইইউসি ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম। প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে ছাত্রদের মধ্যে চ্যাম্পিয়ন হয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ এবং রানার্স আপ হয় সায়েন্সেস অব হার্মোনিক্স এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ। ছাত্রীদের মধ্যে চ্যাম্পিয়ন হয় কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ এবং রানার্স আপ হয় আইন বিভাগ। ফাইনালে শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন ছাত্রদের মধ্যে রাসেল এবং ছাত্রীদের মধ্যে কাজী রিফা নূর। ---প্রেস বিজ্ঞপ্তি